



**Class- V**

**Sub- 2<sup>nd</sup> language (Bengali)**

**Time- 30minutes**

**Topic- Letter writing**

**Date- 05/06/2020**

**Worksheet- 18**

## **পত্র রচনা**

(নিচে পত্র রচনা সম্পর্কে কিছু ধারণা দেওয়া হলো। তোমরা বিষয়টি ভালো করে পড়ো এবং একটি পত্র দেওয়া আছে- “বাৎসরিক পরীক্ষার ফল জানিয়ে পিতার কাছে চিঠি” – এটি দেখে দেখে একটি পৃষ্ঠায় লেখো এবং তারপর পৃষ্ঠাটি তারিখ অনুযায়ী যত্ন করে ফাইল-এ রেখে দাও। এটি একটি নমুনা পত্র এরপর তোমাদের শুধুমাত্র টপিক দেওয়া হবে পত্রটি তোমাদের নিজেদের লিখতে হবে।)

**পত্র বা চিঠি কাকে বলে :-** যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম হলো চিঠি বা পত্র। দূরের মানুষের সাথে চিঠিপত্রের মাধ্যমে সহজে ও স্বল্প খরচে মনের ভাব আদান প্রদান করা যায়। চিঠি হল যোগাযোগের একটি পুরানো মাধ্যম। বর্তমান দিনে মোবাইল ফোন, ই-মেল ইত্যাদির প্রাধান্য বৃদ্ধি পেলেও চিঠির গুরুত্ব একেবারে বিনষ্ট হয়ে যায়নি।

**পত্র বা চিঠির প্রকারভেদ :-** পত্র কে দুই ভাগে ভাগ করা যায় --

১. ব্যক্তিগত পত্র
২. আবেদনপত্র বা দরখাস্ত

আমরা কেবলমাত্র ব্যক্তিগত পত্র সম্পর্কে পড়বো।

পত্র লেখার ক্ষেত্রে কয়েকটি বিষয় মাথায় রাখতে হবে।

১. পত্রের ভাষা হবে সহজ সরল।

২. হস্তাক্ষর হবে সুন্দর এবং স্পষ্ট।

৩. পত্রের মাধ্যমে যে বক্তব্য আমরা প্রকাশ করতে চাইছি সেটা হতে হবে সুস্পষ্ট।

৪. ব্যক্তিগত পত্রের ক্ষেত্রে – পত্রের উপরে বামদিকে থাকবে পত্র প্রেরকের ঠিকানা, পত্র লেখার তারিখ। তার নিচে থাকবে সম্ভাষণ ও যার উদ্দেশ্যে পত্র লিখছি তার নাম।

৬. এরপর চিঠির গুরুত্ব এবং বিষয়ের সঙ্গে সঙ্গতি রেখে মূল বক্তব্য লিখতে হবে। এটাই চিঠির সবথেকে গুরুত্বপূর্ণ অংশ।

৭. চিঠির শেষে বামদিকের নিচে থাকবে পত্র প্রেরকের নাম বা সাক্ষর।

## একটি পত্রের উদাহরণ:-

বাৎসরিক পরীক্ষার ফল জানিয়ে পিতার কাছে চিঠি।

৮৭, সিতারাম ঘোষ স্ট্রিট

কলকাতা- ৭০০০০৯

তারিখ- \_\_\_\_\_

শ্রীচরণেশু বাবা,

তোমার লেখা চিঠি আমি পেয়েছি এবং চিঠি পেয়ে আমি খুব আনন্দিত হয়েছি। তোমাদের আশীর্বাদে আমি এখানে খুব ভালো আছি। গতকাল আমাদের বাৎসরিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। তুমি শুনে খুশি হবে যে, আমি পরীক্ষায় প্রথম হয়েছি। সকল বিষয়ে ভালো নম্বর পেয়েছি। স্কুলের শিক্ষক-শিক্ষিকারা আমার প্রশংসা করেছেন।

তুমি ও মা আমার প্রণাম নিও। ভাইকে আমার ভালোবাসা দিও।

ইতি

তোমার স্নেহের

\_\_\_\_\_ (নিজের নাম)